



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন -১  
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২২৩.২৩.১৪৩১

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩০

১১ ডিসেম্বর ২০২৩

বিষয়: রিট পিটিশন নং ১২৪২৭/২০২৩ মোকদ্দমায় প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশ Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ মোকদ্দমাটি সরকারপক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণ।

সূত্র: ৪৬.০০.০০০০.০৪২.১৯.০০৩.১৮-২৩৬০, জেলা পরিষদ শাখা; তারিখ-০৫/১২/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের জেলা পরিষদ শাখার গত ২৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখের ৪৬.০৪২.০১১.০৪.০০.০০৪.২০১৪-১৯৩৬ সংখ্যক স্মারকের অনুবলে জেলা পরিষদ, খুলনা-এ কর্মরত প্রশাসনিক কর্মকর্তা জনাব এস. এম মাহবুবুর রহমান-কে জেলা পরিষদ, চুয়াডাঙ্গা এবং জেলা পরিষদ, চুয়াডাঙ্গা-এ কর্মরত প্রশাসনিক কর্মকর্তা জনাব মো: রমজান আলী-কে জেলা পরিষদ, খুলনা-এ বদলীপূর্বক পদায়নের অফিস আদেশ জারি করা হয়। ফলে পিটিশনার জনাব এস. এম মাহবুবুর রহমান সংস্কৃত হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১২৪২৭/২০২৩ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশসহ তর্কিত বিষয়ে ০৬(ছয়) মাসের স্থগিতাদেশ প্রদান করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং এবং যুগ্মসচিব, জেলা পরিষদ শাখা-কে ৪নং প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১২৪২৭/২০২৩ মোকদ্দমায় প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশ Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ মোকদ্দমাটি সরকারপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (7917/potrojariAttachmentRef/51860/0/2240)

১২-১২-২০২৩

পুরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জনাব মো: আশরাফুল আলম, বিজ্ঞ প্যানেল আইনজীবী, স্থানীয়  
সরকার বিভাগ


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২২৩.২৩.১৪৩১/১(৫)

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩০

১১ ডিসেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) যুগ্মসচিব, জেলা পরিষদ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



১২-১২-২০২৩

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)